

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৮০

আগরতলা, ১৯ ডিসেম্বর, ২০২৫

আইজিএম হাসপাতালে ৩২ জনের চোখের ছানির সফল অন্ত্রোপচার



চোখের বিভিন্ন সমস্যা, বিশেষ করে চোখের ছানির অন্ত্রোপচারের জন্য রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগরতলার আইজিএম হাসপাতালের চক্ষু বিভাগে প্রতিদিনই বহু রোগী চক্ষু চিকিৎসা পরিষেবা গ্রহণ করছেন। আইজিএম হাসপাতালে গত ১৬ ও ১৭ ডিসেম্বর, ২০২৫ দুদিনে রাজ্যের বিভিন্ন অঞ্চল থেকে আগত মোট ৩২ জন রোগীর সফলভাবে চোখের ছানি অন্ত্রোপচার করা হয়। এই চোখের ছানি অন্ত্রোপচার সম্পূর্ণ বিনামূল্যে প্রধানমন্ত্রী আয়ুষ্মান জন আরোগ্য যোজনার অধীনে করা হয়। এর মধ্যে রয়েছে অন্ত্রোপচারের যাবতীয় ওষুধ, চশমা, থাকা-থাওয়ার ব্যবস্থা সহ অন্যান্য প্রয়োজনীয় সুবিধা। পাশাপাশি বিভিন্ন অঞ্চল থেকে আগত রোগী ও তাঁদের আস্থীয়-পরিজনদেরকে চক্ষু বিশেষজ্ঞ চিকিৎসকগণ চোখের ছানি, পরবর্তী সময় চোখের সঠিক যন্ত্রের বিষয়ে কি করা উচিত ও কি করা উচিত নয় এই সমস্ত বিষয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদান করেন ও সচেতনতামূলক তথ্য প্রদান করেন। এই দুদিনের অন্ত্রোপচার কর্মসূচিতে চক্ষু বিশেষজ্ঞ চিকিৎসক ছিলেন ডাঃ মধুসূন দাস, ডাঃ শ্যামকুপ ভট্টাচার্য, ডাঃ রবীন্দ্র দাস প্রমুখ। এছাড়াও নাসিং পরিষেবায় নিয়োজিত ছিলেন রীনা রাণী দাস (ভৌমিক), কৃষ্ণ ভট্টাচার্য, নিতু দেববর্মা ও বনিতা কলই। আইজিএম হাসপাতালে সম্পূর্ণ বিনামূল্যে চোখের ছানির অন্ত্রোপচারের সুবিধা লাভ করে রোগী ও তাদের পরিবার পরিজনেরা চক্ষু বিশেষজ্ঞ চিকিৎসক সহ সকল স্বাস্থ্যকর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
